## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

**সংবাদ গতিধারা**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৬১/২০১৭-১৮**

**ঢাকা, শুক্রবার ১৬ ফেব্রুয়ারি ২০১৮, ৪ ফাল্গুন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী আবুধাবিতে পৌঁছেছেন, দেশে ফিরবেন আগামীকাল

২। খাদ্যনিরাপত্তার জন্য গবেষণায় মনোযোগ দিন : সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি

৩। রোহিঙ্গাদের নিরাপদে ফেরার পরিবেশ সৃষ্টি করতে মিয়ানমারের প্রতি রাষ্ট্রপতির আহ্বান

৪। রোহিঙ্গা প্রত্যাবাসনে স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক আজ

৫। চট্টগ্রামে কর্ণফুলী নদীর নীচে টানেল খনন আগামী সেপ্টেম্বরে : সংসদে সেতুমন্ত্রী

৬। রাজধানীতে যানজট নিরসনে বৃত্তাকার রেলপথ হবে : সংসদে রেলমন্ত্রী

৭। প্রয়োজনে ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধন করা হবে :
গণমাধ্যমের সম্পাদক-মালিকদের সঙ্গে বৈঠকশেষে ওবায়দুল কাদের

৮। সরকার চলতি বছর ১০ হাজার চিকিৎসক নিয়োগ দেবে : স্বাস্থ্যমন্ত্রী

৯। 'সংবাদপত্রে বঙ্গবন্ধু' গ্রন্থের তৃতীয় খণ্ডের মোড়ক উন্মোচন করলেন তথ্যমন্ত্রী

১০। ড. এম এ ওয়াজেদ মিয়ার ৭৬তম জন্মবার্ষিকী আজ

চলমানপাতা

১। **প্রধানমন্ত্রী আবুধাবিতে পৌঁছেছেন, দেশে ফিরবেন আগামীকাল**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালি ও ভ্যাটিকান সিটিতে চার দিনের সরকারি সফর শেষে আগামীকাল (১৭ ফেব্রুয়ারি শনিবার) দেশে ফিরবেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী ইত্তিহাদ এয়ারলাইন্সের একটি ফ্লাইট ১৪ ফেব্রুয়ারি বুধবার স্থানীয় সময় রাত ১০টায় (বাংলাদেশ সময় রাত ৩টা) রোমের লিওনার্দো দ্য ভিঞ্চি ফিউমিসিনো বিমানবন্দর থেকে রওনা হয়ে গতকাল (১৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) স্থানীয় সময় সকাল ৭টায় আবুধাবি আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সংযুক্ত আরব আমিরাতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান এবং ঊর্ধ্বতন কর্মকর্তারা তাঁকে বিমানবন্দরে অভ্যর্থনা জানান। আবুধাবিতে যাত্রা বিরতি শেষে ইত্তিহাদ এয়ারওয়েজের অপর একটি ফ্লাইটে আগামীকাল শনিবার স্থানীয় সময় বেলা ১টা ৩০ মিনিটে (বাংলাদেশ সময় বিকাল সাড়ে ৩টা) ঢাকার উদ্দেশে রওনা হবেন প্রধানমন্ত্রী। রাত ৮টার দিকে প্রধানমন্ত্রীকে বহনকারী ফ্লাইটটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

২। **খাদ্যনিরাপত্তার জন্য গবেষণায় মনোযোগ দিন : সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি**

সাধারণ মানুষের খাদ্য চাহিদা ও নিরাপত্তার কথা মাথায় রেখে গবেষণা পরিচালনা করতে কৃষি ও ভেটেরিনারি বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। রাষ্ট্রপতি গতকাল (১৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়টির প্রথম সমাবর্তনে দেওয়া ভাষণে এ আহ্বান জানান। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৩। **রোহিঙ্গাদের নিরাপদে ফেরার পরিবেশ সৃষ্টি করতে মিয়ানমারের প্রতি রাষ্ট্রপতির আহ্বান**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বাস্তুচ্যুত রোহিঙ্গাদের স্বদেশ ভূমি রাখাইনে মর্যাদার সঙ্গে ও নিরাপদে ফেরার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে মিয়ানমার সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। মিয়ানমারের সফররত স্বরাষ্ট্রমন্ত্রী লে. জে. কিউ সি'র নেতৃত্বে একটি প্রতিনিধিদল গতকাল (১৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। মিয়ানমারের স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মিয়ানমার প্রত্যাবাসন প্রক্রিয়া শুরু করতে প্রস্তুত। তিনি বলেন, এ জন্য রিসিপশন ক্যাম্প তৈরি করা হয়েছে। তিনি আরো বলেন, চুক্তি অনুযায়ী মিয়ানমার পর্যায়ক্রমে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ফেরত নেবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

৪। **রোহিঙ্গা প্রত্যাবাসনে স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক আজ**

রোহিঙ্গাদের বাংলাদেশ থেকে মিয়ানমারে প্রত্যাবাসন প্রশ্নে আজ (১৬ ফেব্রুয়ারি শুক্রবার) ঢাকায় স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। সচিবালয়ে দুই স্বরাষ্ট্রমন্ত্রীর বৈঠকের আলোচ্যসূচিতে সীমান্তে নিরাপত্তা জোরদার এবং ইয়াবাসহ নানা রকম মাদকদ্রব্য পাচার বন্ধে সহযোগিতার মতো বিষয়গুলোও রয়েছে। তবে এবারের আলোচনায় রোহিঙ্গাদের রাখাইনে ফেরত পাঠানোর বিষয়টিতে বিশেষ গুরুত্ব দেবে বাংলাদেশ। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

৫। **চট্টগ্রামে কর্ণফুলী নদীর নীচে টানেল খনন আগামী সেপ্টেম্বরে : সংসদে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সংসদে জানিয়েছেন, বন্দর নগরী চট্টগ্রামে কর্ণফুলী নদীর তলদেশে নির্মিতব্য দেশের প্রথম টানেলের বোরিং কাজ শুরু হবে আগামী সেপ্টেম্বরে। ইতোমধ্যে তৈরি হওয়া বোরিং মেশিনটি আগামী মে মাসে চীন থেকে বাংলাদেশে নিয়ে আসা হবে। গতকাল (১৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) সংসদে প্রশ্নোত্তরে এক প্রশ্নের জবাবে মন্ত্রী একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৬।	রাজধানীতে যানজট নিরসনে বৃত্তাকার রেলপথ হবে : সংসদে রেলমন্ত্রী**

রেলপথ মন্ত্রী মো. মুজিবুল হক বলেছেন, রাজধানীর যানজট নিরসনে ঢাকা শহরের চারদিকে বৃত্তাকার রেলপথ নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। গতকাল (১৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৭।	প্রয়োজনে ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধন করা হবে :**
**গণমাধ্যমের সম্পাদক-মালিকদের সঙ্গে বৈঠকশেষে ওবায়দুল কাদের**

ডিজিটাল নিরাপত্তা আইনের ৩২ ধারাসহ বিতর্কিত ধারাগুলো নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। অংশীজনের সঙ্গে কথা বলে প্রয়োজনে এই ধারাগুলোতে সংশোধন আনা হবে। সংবাদমাধ্যমের সম্পাদক ও মালিকদের সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের এ আশ্বাস দিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। এ সময় তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, গণতন্ত্রের অগ্রযাত্রায় গণমাধ্যমের ইতিবাচক ভূমিকাই প্রত্যাশিত। বৈঠকে এ প্রত্যাশার কথাই সম্পাদক ও মালিকদের জানানো হয়েছে। একই সঙ্গে গণমাধ্যমের উন্নয়নে সরকারের কী করণীয়, সে ব্যাপারেও আলোচনা হয়েছে। গতকাল (১৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) মিলনায়তনে আয়োজিত বৈঠকে মন্ত্রী ওবায়দুল কাদের ছাড়াও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ইকবাল সোবহান চৌধুরী এবং তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম বক্তব্য দেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৮।	সরকার চলতি বছর ১০ হাজার চিকিৎসক নিয়োগ দেবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সরকার চলতি বছর পর্যায়ক্রমে দ্রুত সময়ের মধ্যে সারা দেশে ১০ হাজার চিকিৎসক নিয়োগ দেবে। শুধু নিয়োগ দিয়েই শেষ হবে না। তাদেরকে পদায়নও করা হবে। গতকাল (১৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) রাজধানীর লা-মেরিডিয়ান হোটেলে আয়োজিত দেশের সরকারি হাসপাতালগুলোর মধ্যে অ্যাওয়ার্ড বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪)।

**৯।	'সংবাদপত্রে বঙ্গবন্ধু' গ্রন্থের তৃতীয় খণ্ডের মোড়ক উন্মোচন করলেন তথ্যমন্ত্রী**

বাঙালির মুক্তির ইতিহাস শুধু নয়, বিশ্ব রাজনীতির ইতিহাসের এক অবিস্মরণীয় নাম বঙ্গবন্ধুকে সামগ্রিকভাবে জানতে আরও অনেক গবেষণা হবে। জাতিকে আলোকিত করার প্রয়োজনেই বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবনের বিশালতা সম্পর্কে সবাইকে আরও ব্যাপকভাবে জানাতে হবে। গতকাল (১৫ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) 'সংবাদপত্রে বঙ্গবন্ধু' গ্রন্থের তৃতীয় খণ্ডের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে এ কথা বলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমকাল সম্পাদক ও পিআইবির চেয়ারম্যান গোলাম সারওয়ার। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

**১০।	ড. এম এ ওয়াজেদ মিয়ার ৭৬তম জন্মবার্ষিকী আজ**

আজ ১৬ ফেব্রুয়ারি শুক্রবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বামী ও দেশবরেণ্য পরমাণু বিজ্ঞানী প্রয়াত ড. এম এ ওয়াজেদ মিয়ার ৭৬তম জন্মবার্ষিকী। এ উপলক্ষে রংপুরে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। দিবসটি পালন উপলক্ষে ড. ওয়াজেদ স্মৃতি সংসদ, রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন সংগঠন এবং প্রয়াত ড. এম এ ওয়াজেদ মিয়ার পরিবারের পক্ষ থেকে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **প্রথম আলো** (পৃ.৪,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।